



নাম
Web site

৬/৪/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পলিসি ও অপারেশন বিভাগ
সেকশন-২, মিরপুর-১২১৬
www.dpe.gov.bd




স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৫.৯৯.০৪৬.২০- ০৪(ক)

তারিখ: ২০ পৌষ ১৪২৭
০৪ জানুয়ারি ২০২১

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রী ভর্তি।

করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। এ প্রেক্ষিতে বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীদের ভর্তি কার্যক্রম চলমান রাখার স্বার্থে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করে ছাত্র-ছাত্রী ভর্তি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

- ১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ০৮/১২/২০০৪খি: তারিখের ৩এম/৩১/বিদ্যা ঢাকা/০৪/৫১২১/৬৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ফেব্রুয়ারি মাসের মধ্যে ভর্তি সম্পন্ন করতে হবে।
- ২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ভর্তিছুক শিশুদের কোনরূপ ভর্তি পরীক্ষা নেয়া যাবে না।
- ৩। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার সকল শিশুকে প্রাক-প্রাথমিক ও প্রথম শ্রেণিতে ভর্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৪। ভর্তিছুক শিশুদের নাম, ঠিকানা ও প্রয়োজনীয় তথ্যাদি রেজিস্টারে এন্ট্রি করে সংশ্লিষ্ট শ্রেণিতে ভর্তি করতে হবে।
- ৫। প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত স্বাস্থ্যবিধি সম্পর্কিত নির্দেশনা ও অনুশাসনসমূহ অনুসরণপূর্বক শিক্ষকগণ শিশুদের ভর্তি নিশ্চিত করবেন।
- ৬। অসুস্থ শিক্ষক/শিক্ষার্থী/কর্মচারী এবং সন্তান সন্তবা শিক্ষিকাগণকে বিদ্যালয়ে উপস্থিত থেকে বিরত রাখতে হবে। অসুস্থ শিক্ষার্থী নিয়ে বিদ্যালয়ে না আসার জন্য অভিভাবকদের অনুরোধ করতে হবে। অসুস্থ শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করতে বিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষ ব্যবস্থা গ্রহণ করবে।
- ৭। কোভিড-১৯ এর কারণে বেসরকারি কিন্ডার গার্টেন/স্কুল বন্ধ হয়ে যাওয়ায় যে সকল শিক্ষার্থী বিদ্যালয়বিহীন হয়ে পড়েছে তাঁদের সকলকে সংশ্লিষ্ট ক্লাস্টারের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ভর্তির ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৯/০৮/২০২০খি: তারিখের ৩৮.০০.০০০০.০০৮.৯৯.০০১.১৬.২৬১ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে।


(খালিদ আহমেদ)

যুগ্ম সচিব

পরিচালক (পলিসি ও অপারেশন)

ফোন: ০২-৫৫০৭৪৯১৮,

ইমেইল: dirpolicydpe@gmail.com

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি:

- ১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৫। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী [অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪)-এর ব্যক্তিগত সহকারী [অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪) মহোদয়ের সদয় অবগতির জন্য]।